সংবাদ

তারিখ ..12.7.DEC.2017...
পৃষ্ঠা ...১... কলাম...২.......

# ছয় কোচিং সেন্টারের লাইসেন্স বাতিল

নিজস্ব বার্তা পরিবেশক

মহানগরীর বিভিন্ন জায়গায় অবৈধ ও অননুমোদিত সাইনবোর্ড, পোস্টার, ফেস্টুন, ওভারহেড সাইনবোর্ড অপসারণ না করায় ৬টি কোচিং সেন্টারের লাইসেন্স বাতিল করেছে ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি)। কোচিং সেন্টারগুলো হচ্ছে, ফার্মগেটস্থ ইউসিসি কোচিং সেন্টার, ইউনিএইড কোচিং সেন্টার, আইকন কোচিং সেন্টার, আইকন প্লাস কোচিং সেন্টার, ওমেগা কোচিং সেন্টার ও প্যারাগন কোচিং সেন্টার।
গতকাল ডিএনসিসির এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, অবৈধভাবে পোস্টার লাগানোর বিষয়ে এই কোচিং সেন্টারগুলোকে ইতোপূর্বে সতর্ক করা হয়েছিল। তাছাড়া বিভিন্ন সময়ে দেয়াল লিখন ও পোস্টার নিয়ন্ত্রণ আইন ২০১২ অনুযায়ী বিভিন্ন কোচিং সেন্টারের বিরুদ্ধে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়। এরপরও সংশোধিত না হওয়ায় দি সিটি করপোরেশন (ট্যাক্সেশন) রুলস ১৯৮৬ অনুযায়ী এই কোচিং সেন্টারগুলোর ট্রেড লাইসেন্স বাতিল করা হয়। এদিকে, গাবতলী বাস টার্মিনাল এলাকায় অবৈধ স্থাপনা কোচিং : পৃষ্ঠা : ১৫ ক : ৩

## কোচিং : সেন্টারের

(১ম পৃষ্ঠার পর)

উচ্ছেদ অভিযান ও ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে প্রায় ১০০টি অবৈধ দোকান ও হকার উচ্ছেদ করেছে ডিএনসিসি। বেলা ১২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. সাজিদ আনোয়ারের নেতৃত্বে এই অভিযান পরিচালিত হয়। অভিযানকালে ১০০টি অবৈধ দোকান ও হকার উচ্ছেদ করা ছাড়াও অবৈধভাবে স্থাপিত প্রায় ৫০টি শেড ও সিঁড়ি উচ্ছেদ করা হয়। অভিযানে প্রায় ২০ হাজার বর্গফুট জায়গা অবৈধ দখল থেকে মুক্ত করা হয়। তাছাড়া নির্ধারিত জায়গার অতিরিক্ত জায়গা ব্যবহার করার অপরাধে সিটি করপোরেশন অ্যাক্ট অনুসারে ৮টি দোকানের প্রত্যেককে ১৫ হাজার টাকা করে জরিমানা করা হয়। ডিএনসিসির অবৈধ স্থাপনা উচ্ছেদ ও ভ্রাম্যমাণ আদালত অব্যাহত থাকবে বলে সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়।